

কুয়েটের ৪ জন শিক্ষার্থীর মৃত্যুতে শিক্ষামন্ত্রীর শোক

ঢাকা, ০১ এপ্রিল ২০১৮

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট)-এর ৪ জন শিক্ষার্থী তৌহিদুল ইসলাম, শাহীন মিয়া, হাফিজুর রহমান এবং দীপ্ত সরকারের অকাল মৃত্যুতে গভীর শোক ও দৃঃখ প্রকাশ করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ।

আজ এক শোক বার্তায় শিক্ষামন্ত্রী তাদের বিদেহী আত্মার শান্তি কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবার-পরিজনের প্রতি আন্তরিক সমবেদনা জানান ।

উল্লেখ্য, তারা কুয়েটের বস্ত্র প্রকৌশল বিভাগের ছাত্র ছিলেন । ময়মনসিংহের ভালুকায় একটি কারখানায় ইন্টার্নশীপ প্রকৌশলী হিসেবে কাজ করছিলেন তারা ।

মোহাম্মদ আফরাজুর রহমান
সিনিয়র তথ্য অফিসার
শিক্ষামন্ত্রণালয়
মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯